# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২২-২০২৩/ ৪৮৪ তারিখঃ ৪-১২-২০২২

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৬/১২/২০২২ তারিখ রোজঃ মঙ্গলবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী ঃ**

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। রোকেয়া দিবস/২০২২ উদযাপন বিষয়ে আলোচনা।
৩। দরিদ্র মহিলাদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

............................................................

............................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৬-১২-২০২২ খ্রিঃ
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচী-৩। রোকেয়া দিবস/২০২২ উদযাপন বিষয়ে আলোচনা।**

আলোচনা ঃ সভাপতি মহোদয় বলেন, নারী জাগরনের পথিকৃৎ বেগম রোকেয়ার স্মরণে রোকেয়া দিবস উদ্‌যাপনের লক্ষ্যে UGIIP-III প্রকল্প অফিসের স্মারক নং ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.০১.২০১৭/২২৪৫(৩৫) তারিখঃ ১২/১০/২০২২ খ্রিঃ পত্রের নির্দেশনা রয়েছে। তার প্রেক্ষিতে রোকেয়া দিবস যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প অফিস থেকে প্রেরীত দিক নির্দেশনা মুলক চিঠিটি এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সকলের অবগতির জন্য পাঠ করে শোনান। প্রেরীত চিঠির নির্দেশনা অনুযায়ী রোকেয়া দিবস সফল ভাবে উদযাপনের জন্য পৌর পরিষদের নেতৃত্বে বিভিন্ন কার্যক্রম ও বিভিন্ন প্রদক্ষেপ সমুহ সম্মানিত কাউন্সিলর বৃন্দ, পৌর কর্মকর্তা/কর্মচারী বর্গের মাঝে ভাগ করে দেওয়া হয়েছে যাতে সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে রোকেয়া দিবস জয়পুরহাট পৌরসভায় সফল ভাবে উদযাপিত হয়। আলোচ্য বিষয় নিয়ে এ কমিটির সম্মানিত সদস্য জনাবা মোছাঃ জান্নাতুল ফেরদৌস বলেন, আমরা জানি ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া জন্ম ও মৃত্যু দিবস হিসেবে এই দিনটিকে রোকেয়া দিবস হিসেবে উপযাপন করা হয়। জয়পুরহাট পৌরসভায় ০৯ ডিসেম্বর/২০২২ তারিখে কি রোকেয়া দিবস উদযাপন করা হবে? এ প্রশ্নের আলোকে এ কমিটির সভাপতি জনাবা মোছাঃ মুন্নুজান বলেন, আগামী ০৯ ডিসেম্বর রোজঃ শনিবার ছুটির দিন হওয়ায় রোকেয়া দিবস উদযাপন করা সম্ভব হবে না, তাই আগামী ০৮ডিসেম্বর/২০২২ রোজঃ বৃহস্পতিবার রোকেয়া দিবস উদযাপন করার জন্য মেয়র মহোদয় সম্মতি দিলে উদযাপন করা হবে।

**সিদ্ধান্ত ঃ**

(ক) প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলর বিশেষ করে মহিলা কাউন্সিলর মহোদয়ের তত্ত্বাবধানে প্রতিটি ওয়ার্ড থেকে ১৫ জন (অধিকাংশ নারী ) অংশগ্রহণকারীগনকে রোকেয়া দিবস র‍্যালীতে অংশগ্রহনের বিষয়ে নিশ্চিত করা ।

(খ) সকল ওয়ার্ড থেকে আগত ক্ষুদ্র ক্ষুদ্র র‍্যালী পৌর চত্তরে জমায়েত হয়ে ব্যানার পোষ্টার ফেসটুন বহনের মাধ্যমে এক বিশাল বর্ণাঢ্য র‍্যালী পৌরসভার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সড়ক প্রদক্ষিন শেষে বিশাল র‍্যালী পৌর চত্তরে সমবেত হয়ে সম্মানিত মেয়র মহোদয়ের সভাপতিত্বে নারী অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) আলোচনা সভা শেষে সকল অংশগ্রহণকারীগণের মাঝে নাস্তার প্যাকেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

## আলোচ্য সূচী-৩। দরিদ্র মহিলাদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে আলোচনা।

আলোচনাঃ সভাপতি মহোদয় উক্ত বিষয়ে আলোচনার সূত্রপাত করলে কমিটি সদস্যগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত তুলে ধরেন।

জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় শীতবস্ত্র বিতরণের পূর্বে শহরে বসবাসকারী অতি দুঃস্থ নারীদের তালিকা তৈরী করে তাদের মাঝে বিতরণ করার বিষয়ে বলেন।

জনাব পাপিয়া, কাউন্সিলর, সংরক্ষিত-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় জানান জয়পরহাট পৌরসভা বাংলাদেশের উত্তর অঞ্চলের জেলা হওয়ায় এখানে শীতের তীব্রতা বেশি থাকে। তাই অবশ্যই দরিদ্র নারীদের মাঝে পৌরসভার পক্ষ থেকে শীতবস্ত্র বিতরন কর্মসূচী গ্রহণ করা যেতে পারে।

জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, দেখা যায় শীতের তীব্রতা শুরু হওয়ার পর বা শীতের শেষের দিকে শীতবস্ত্র বিতরণ করা হয়। সেক্ষেত্রে শীতের প্রকোপে আক্রান্ত ব্যাক্তিদের সঠিক সময়ে সাহায্য করা যায় না। সেজন্য ডিসেম্বর- জানুয়ারী মাসের পূর্বে যদি শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র দেওয়া যায়, তাহলে তারা বেশী উপকৃত হবেন। তিনি আরো বলেন, বিশেষ করে নারীদের শীতবস্ত্র বিতরনকালে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করা যায় তাহলে উক্ত কমিটির কাজের পরিধি বৃদ্ধি পায়।
বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ- শীতের প্রারম্ভেই পৌর এলাকায় দুঃস্থ নারীদের তালিকা করে তাদের মাঝে শীতবস্ত্র বিতরণ করণ ও এ কমিটিকে সমৃক্ত করণের বিষয়ে অত্র কমিটির সভাপতি পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২২-২০২৩/ ৫০৪(ক)     তারিখ ঃ ০৬-১২-২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ............................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ-

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ০৬/১২/২০২২ ইং।

রোজ ঃ মঙ্গলবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |